তারিখ ... 10 NOV 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

### সরিষাবাড়ী মাহমুদা সালাম মহিলা কলেজ

# শিক্ষক নিয়োগে অধ্যক্ষের টালবাহানা হতাশ তালিকাভুক্ত ২৪ শিক্ষক

**প্রতিনিধি, সরিষাবাড়ী (জামালপুর)**

জামালপুরের সরিষাবাড়ী মাহমুদা সালাম মহিলা কলেজের অধ্যক্ষ বেসরকারি নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের নির্দেশ উপেক্ষা করে দ্বৈতনীতি অবলম্বন করায় ২৪ শিক্ষক হয়রানীর শিকার হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। শিক্ষক নিয়োগে বেঁধে দেয়া সময়সীমা উত্তীর্ণ হয়েছে ৮ নভেম্বর।

জানা যায়, বেসরকারি নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ শিক্ষা প্রতিষ্ঠানের জন্য শূন্য পদের তালিকা আহ্বান করেন। সে প্রেক্ষিতে সরিষাবাড়ী মাহমুদা সালাম মহিলা কলেজ কর্তৃপক্ষ ২৪টি শূন্য পদের তালিকা বেসরকারি নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেন। প্রেরিত তালিকা মোতাবেক এনটিআরসিএ কর্তৃপক্ষ কলেজের বিভিন্ন পদে ২৪ জন প্রভাষক নিয়োগের জন্য ২০১৬ সালের ৬ জুন বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। বিধি মোতাবেক সরিষাবাড়ী মাহমুদা সালাম মহিলা কলেজে নিয়োগ পাওয়ার জন্য শূন্য পদে আরিফা সুলতানা, বেলাল হুসাইন, মোঃ শামসুজ্জামান, জান্নাত-ই-নাহার, রাজু আহাম্মেদ, শিমু খাতুন, জামিলা বিপাশা, রাবিয়া খাতুন, মোঃ আব্দুল হামিদ, বাশেদা বেগম, মোঃ রাশেদুল ইসলাম, ফারজানা আফরোজ, আফিয়া খাতুন, জাহাঙ্গীর আলম, কামরুন নাহার, রাজিয়া সুলতানা, নুছরাত জাহান, আফসানা সেহরী, সানজিদা ইয়াসমীন, মোঃ আব্দুল্লাহ খান, মোঃ আলমগীর হোসেন, মোঃ শফিকুল ইসলাম, সামিউল ইসলাম আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে এনটিআরসিএ কর্তৃপক্ষ ২৪ জনকে চূড়ান্তভাবে নির্বাচিত করলে তারা প্রতিনিয়ত কলেজের অধ্যক্ষ ইমদাদুল হকের নিকট ধর্ণা দিলেও নিয়োগপত্র ও যোগদান দিচ্ছেন না। এনটিআরসিএ কর্তৃপক্ষ ২০১৬ সালের ৯ অক্টোবর থেকে ৮ নভেম্বর এক মাসের মধ্যে প্রভাষক পদে নিয়োগপত্র ও কর্মস্থলে যোগদান দেয়ার জন্য সময়সীমা বেঁধে দিয়েছেন। নির্ধারিত সময়সীমার মধ্যে নির্বাচিতদের প্রভাষক পদে নিয়োগপত্র ও কর্মস্থলে যোগদান না নেয়ায় হতাশাগ্রস্ত হয়ে পড়েছেন তারা। উল্লেখিত শিক্ষকগণ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের মাধ্যমে এই প্রথম শিক্ষক নিয়োগে অধ্যক্ষের টালবাহানায় নিয়োগ না পেয়ে হতাশাগ্রস্ত হয়ে এনটিআরসিএ'র চেয়ারম্যান বরাবর অভিযোগ প্রেরণ করে, জেলা প্রশাসক জামালপুর, জেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভাপতি ম্যানেজিং কমিটি সরিষাবাড়ী মাহমুদা সালাম মহিলা কলেজকে অবহিত করাসহ গত ৬ নভেম্বর রোববার দিনব্যাপী সরিষাবাড়ী মাহমুদা সালাম মহিলা কলেজে অধ্যক্ষের কার্যালয়ে এবং পরে উপজেলা নির্বাহী অফিসার সাইয়েদ এ জেড মোরশেদ আলী তার কক্ষে প্রায় ৩ ঘণ্টাব্যাপী অবস্থান কর্মসূচি দেন। ওই দিনই সন্ধ্যায় সরিষাবাড়ী প্রেসক্লাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলন করেছেন। এনটিআরসিএ বেঁধে দেয়া মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না করলে কর্মসূচি গ্রহণ করা হবে বলে হুঁশিয়ারি উচ্চারণ করেন শিক্ষকরা। কলেজ কর্তৃপক্ষ এনটিআরসির নির্দেশনাকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে অশুভ ফায়দা লুটার অপচেষ্টায় ব্যর্থ হয়ে নিয়োগ দিচ্ছে না বলে অভিযোগ করেন বঞ্চিতরা।